

শার্শা উপজেলা পরিষদ কমিটির বিশেষ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ সিরাজুল হক মঞ্জু
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শার্শা, যশোর।
তারিখ : ০৩ জুন ২০১৯ খ্রিস্টাব্দ।
সময় : সকাল ১০-০০ ঘটিকা।
স্থান : উপজেলা প্রশাসনিক ভবন সভাকক্ষ, শার্শা, যশোর।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট - ক- এ বর্ণিত।

১। সভার প্রারম্ভেই সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানানো হয়। অতঃপর সভার সদস্য সচিব তথা উপজেলা নির্বাহী অফিসার, শার্শাকে সভা পরিচালনার অনুরোধ জানানো হয়। সদস্য সচিব উপস্থিত সকলের অবগতির জন্য জানান যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা হতে বিশেষ থোক হিসাবে ৪র্থ কিস্তির অতিরিক্ত বরাদ্দ ৬,৭২,০০০.০০ টাকা এবং এডিপি থোক সাধারণ বরাদ্দের অতিরিক্ত ৩,২৮,০০০.০০ টাকা মোট ১০,০০,০০০.০০ টাকা দ্বারা গৃহিত স্কীম চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে মূলতঃ আজকের এই বিশেষ সভা। অতঃপর এ বিষয়ে বক্তব্য উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী, শার্শা, যশোরকে অনুরোধ জানানো হয়।

২.১ উপজেলা প্রকৌশলীর দপ্তর :-

(ক) আলোচ্য বিষয় : ২০১৮-২০১৯ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় গৃহীত স্কীম অনুমোদন।

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা এর স্মারক নং ৪৬.০৪৫.২০.০০৯.১০.০১০.২০১৮-৪৬৭ তারিখ : ২৮-০৫-২০১৯ ইং মাধ্যমে বিশেষ থোক হিসাবে ৪র্থ কিস্তির অতিরিক্ত ৬,৭২,০০০.০০ টাকা বরাদ্দ পাওয়া যায় এবং এডিপি থোক সাধারণ বরাদ্দের ৩,২৮,০০০.০০ টাকা অতিরিক্ত থাকায় মোট ১০,০০,০০০.০০ টাকার ১টি স্কীম চূড়ান্ত অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত স্কীম সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। স্কীম নিম্নরূপ :

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | মন্তব্য |
|---------|--|------------------|---------|
| ১। | বাগআঁচড়া জিসি -গোগা বাজার সড়কের বাগআঁচড়া কলেজের পার্শ্বে ড্রেন নির্মাণ এবং একই সড়ক মেরামত কাজ। | ১০,০০,০০০.০০ | |

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে উপরোক্ত বর্ণিত স্কীমটি সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয় এবং স্কীমটি প্রাক্কলন প্রস্তুত করে উল্লেখিত টাকার মধ্যে RFQ এর মাধ্যমে কাজটি বাস্তবায়নের পরবর্তী কার্যক্রমের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সিরাজুল হক মঞ্জু
(মোঃ সিরাজুল হক মঞ্জু) ৩/১/১৯
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ কমিটি
শার্শা, যশোর।

স্মারক নং-০৫.৪৪.৪১৯০.০১৮.০৬.০০১.১৮-৭৫/২ (৩৫)

তারিখ : ০৩ জুন ২০১৯ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৮৫, যশোর-১, শার্শা।
- ২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, যশোর।
- ৪। মেয়র, বেনাপোল পৌরসভা, শার্শা, যশোর।
- ৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শার্শা, যশোর।
- ৬। উপজেলা -----কর্মকর্তা, শার্শা, যশোর।
- ৭। চেয়ারম্যান, ডি/হি/লক্ষণপুর/বাহাদুরপুর/বেনাপোল/পুটখালী/গোগা/কায়বা/বাগআঁচড়া/উলাশী/শার্শা/নিজামপুর ইউনিয়ন পরিষদ, শার্শা, যশোর।

(পুলক কুমার মণ্ডল)
উপজেলা নির্বাহী অফিসার